APR. 01 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৮....

দৈনিক ইনকিলাব

ছাত্র জমিয়তের সম্মেলনে বক্তাবৃন্দ

# উম্মাহর সংকট উত্তরণে জিহাদের শপথ নিয়ে এগিয়ে যেতে হবে

**স্টাফ রিপোর্টার ঃ** ছাত্র জমিয়ত বাংলাদেশের বার্ষিক সদস্য সম্মেলনে বক্তাবৃন্দ বলেছেন, মুসলিম উম্মাহ আজ গভীর সংকটে নিমজ্জিত। এ অবস্থায় মহান আল্লাহর উপর ঈমান ও পরিপূর্ণ ভরসা এবং কুরআন ও সুন্নাহর শিক্ষার আলোকে এ সংকটের সমাধান খুঁজে বের করতে হবে। আর এজন্য সাহস ও দূরদর্শিতার সাথে জিহাদের শপথ নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। ছাত্র জমিয়ত সভাপতি গোলাম মহিউদ্দীন ইকরামের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধন করেন জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ-এর সভাপতি মাওলানা আশরাফ আলী বিশ্বনাথী। প্রধান অতিথির বক্তব্য রাখেন জমিয়তের মহাসচিব প্রাক্তন মন্ত্রী মুফতী মোঃ ওয়াক্কাস এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামী ঐক্যজোটের সিনিয়র ভাইস চেয়ারম্যান মাওলানা মুহিউদ্দীন খান, সাবেক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ এমপি, মাওলানা নুর হোসেন কাসেমী ও মাওলানা মোস্তাফা আজাদ।

সম্মেলনে আরো বক্তব্য রাখেন মাওলানা ওবাইদুল্লাহ ফারুক, মাওলানা আবদুর রহীম ইসলামাবাদী, মাওলানা ইসহাক ফরিদী, মুফতী আবদুল আউয়াল, কারী আবদুল খালেক, শেখ মুজিবুর রহমান, জিয়াউল হক কাসেমী, আবদুল মালিক চৌধুরী প্রমুখ।

সম্মেলন শেষে একটি র‍্যালী বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। সম্মেলনে গোলাম মহিউদ্দীন ইকরামকে সভাপতি ও জিয়াউল হক কাসেমীকে সাধারণ সম্পাদক করে ৩৭ সদস্য বিশিষ্ট একটি নতুন কমিটি গঠন করা হয়।

মাওলানা আশরাফ আলী বিশ্বনাথী তাঁর বক্তব্যে বলেন, ইসলামের শিক্ষার আলোকে শিক্ষানীতি চালু করতে হবে। এটাই জাতীয় দাবী।

প্রধান অতিথির বক্তব্যে মুফতী ওয়াক্কাস বলেন, দেড় হাজার বছর যাবত ইসলামের উপর আক্রমণের পর আক্রমণ চলছে। ইসলামকে কেউ ধ্বংস করতে পারেনি। যারা ইসলামকে ধ্বংস করতে চায় তারাই ধ্বংস হয়ে যাবে।

মাওলানা মুহিউদ্দীন খান বলেন, মুসলিম জাতি গভীর সংকটে নিমজ্জিত। ইহুদী, খৃষ্টান ও ব্রাহ্মণ্যবাদীরা এ সংকটের জন্মদাতা। বাংলাদেশও ষড়যন্ত্রের শিকার। ঈমান, সাহস ও দূরদর্শিতার সাথে পরিস্থিতি মোকাবিলা করতে হবে। তিনি সকলকে ঐক্যবদ্ধ থাকার জন্য আহবান জানান।

মোফাজ্জল হোসেন কায়কোবাদ এমপি বলেন, কোরআনের আদর্শ প্রতিষ্ঠা ছাড়া পরিপূর্ণ শান্তি আসবে না। সন্ত্রাসও বন্ধ হবে না। তিনি আরো বলেন, চারদলীয় সরকার ইসলামী আদর্শ ও মূল্যবোধের সরকার। সরকার ইসলামী বিধান বাস্তবায়নের প্রচেষ্টা চালাবে।